

“সম্মানিত সদস্যগণের জন্য”

প্রিয় মহোদয়,
আসসালামু আলাইকুম।

১। আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিজিএমইএ'র সম্মানিত সদস্য ও তাদের পরিবারবর্গ এবং বিজিএমইএ'র কর্মকর্তা/কর্মচারী ও তাঁদের পরিবারবর্গকে চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে গত ০৭ ফেব্রুয়ারী ২০২৬ ইং তারিখ অ্যাসেন্ট হেলথ লিঃ, বাড়ী # ১সি, রোড # ২এ, ব্লক # জে, বারিধারা, ঢাকা-১২১২ এর সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়েছে। উক্ত সমঝোতা স্মারকের মাধ্যমে বর্ণিত স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রতিষ্ঠান হতে ‘কর্পোরেট ক্লায়েন্ট’ হিসাবে বিজিএমইএ'র সম্মানিত সকল সদস্য ও তাদের নির্ভরশীল (স্বামী/স্ত্রী, সন্তান, পিতা/মাতা) এবং বিজিএমইএতে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীগণ ও তাদের নির্ভরশীলেরা বিশেষ ডিসকাউন্ট প্রাপ্য হবেন, যা আগামী ০৩ (তিন) বৎসরের জন্য বলবৎ থাকবে। সম্পাদিত চুক্তির আলোকে প্রাপ্য সুবিধাদি নিম্নরূপ :

ক। হোম সার্ভিসের আওতায় নমুনা সংগ্রহ ও রিপোর্ট প্রদান (ঢাকা সিটিতে অতিরিক্ত চার্জ ৬০০/- এবং বাইরে যেমনঃ কেরানীগঞ্জ, নারায়নগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুর, চন্দ্রা, কালিয়াকৈর, কোনাবাড়ী এলাকার জন্য ১০০০/- টাকা নির্ধারিত। তবে ২ ঘন্টা পর ব্লাড র্যান্ডম টেস্টের ক্ষেত্রে অতিরিক্ত আরও ৩০০/-চার্জ প্রযোজ্য)। অ্যাসেন্ট হেলথ সার্ভিসের কনসালটেশন চেম্বারে করা সকল প্যাথলজিক্যাল পরীক্ষার উপর ৩০% ডিসকাউন্ট সুবিধা পাইবেন।

খ। বিশেষজ্ঞ ও খ্যাতনামা ডাক্তারদের পরামর্শ (কনসালটেশন) সেবা (যেমনঃ মেডিসিন, রেসপিরেটরী মেডিসিন, রিউম্যাটোলজি, ডার্মাটোলজি, নেফ্রোলজি, ফিজিক্যাল মেডিসিন বিশেষজ্ঞ, নিউরোলজি, স্ট্রোক বিশেষজ্ঞ, শিশুরোগ বিশেষজ্ঞ ইত্যাদি)।


গ। যোগাযোগের জন্য কলসেন্টার সেবার পাশাপাশি অ্যাসেন্ট হেলথ লিমিটেডের একজন প্রতিনিধি নিয়োজিত থাকবেন।

২। যোগাযোগঃ এ্যাপয়েন্টমেন্টের জন্য কলসেন্টার নং ০৯৬৬৬-৮৫৯৯৩৩ অথবা উক্ত প্রতিষ্ঠানের জনাব মোঃ কামরুজ্জামান, ডিজিএম (সেল্‌স), মোবাঃ নং ০১৭১২-৩৬৯৯২৩, ০১৮৯৭-৬৬১৪২১ ই-মেইল : mohammad_kamruzzaman@ascent-health.com. তে যোগাযোগ করা যেতে পারে।

৩। প্রাধিকারভুক্তি (অথরাইজেশন) : উপরোক্ত স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত এই চুক্তির আওতায় মেডিক্যাল সেবা পেতে বিজিএমইএ'র সম্মানিত সদস্যগণ ও তাদের নির্ভরশীলদের জন্য মেম্বারস কার্ড অথবা এর ফটোকপি প্রদর্শন করবেন। এছাড়া অত্র প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ ও তাদের নির্ভরশীলদের জন্য বিজিএমইএ কর্তৃক প্রদত্ত আইডি কার্ড অথবা কার্ডের ফটোকপি প্রদর্শন করতে হবে।

৪। বিজিএমইএ হতে প্রয়োজনে এ সংক্রান্ত কোন তথ্যের জন্য জনাব শারমিনা জাহান, সিনিয়র সহকারী সচিব (মোবাঃ ০১৭২৩-২৫১৭৭২ অথবা মোঃ সিরাজুল ইসলাম, সহকারী সচিব, ০১৬৪-৭৭২২০০০) এর সঙ্গে যোগাযোগ করবেন।

ধন্যবাদান্তে,


মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
ভারপ্রাপ্ত সচিব